

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 23-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১) এসআইআর প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছেন।
- ২) ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের প্রথম দফায় প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারের শুনানি হবে। প্রায় ১০ লক্ষ আনম্যাপড ভোটারকে শুনানির নোটিশ পাঠানো শুরু হয়েছে।
- ৩) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসি দর্শনকে কেন্দ্র করে গোলমালের ঘটনায় পুলিশের তদন্তে হস্তক্ষেপ করলো না কলকাতা হাইকোর্ট।
- ৪) বিকশিত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আগামী ২৭ ডিসেম্বর, এ রাজ্যে উৎকর্ষ উদ্যমী সমাগম সম্মেলনের দ্বিতীয় পর্বের আয়োজন করা হয়েছে।
- ৫) নদীয়ার হাঁসখালিতে নাবালিকাকে গণধর্ষণের ঘটনায় স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা ও তার ছেলে সহ দোষী সাব্যস্ত ৯ জনের আজ সাজা ঘোষণা।

মুর্শিদাবাদের

সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ

আইন

বিরোধী আন্দোলনের সময় হিংসার জেরে নিহত বাবা ও ছেলের খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনেরও আজ শাস্তি ঘোষণা করবে আদালত।

৬) উত্তরে বাতাসের জন্য কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্রই শীতের আমেজ। বড়দিনের পর জাঁকিয়ে শীত পড়বে।

পশ্চিমবঙ্গে এসআইআর প্রক্রিয়ার অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ রাজ্যে আসছে।

কমিশনের প্রধান সচিব এসবি জোশি ও উপসচিব অভিনব আগরওয়াল শুনানি পর্বের অগ্রগতি খতিয়ে দেখবেন। পাশাপাশি ২৪ ডিসেম্বর নজরুল মঞ্চে মাইক্রো অবজার্ভারদের প্রশিক্ষণ পর্বেও তাঁরা হাজির থাকবেন বলে জানা গেছে।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গিয়েছে, নির্বাচন কমিশনের এই বিশেষ প্রতিনিধি দল একদিকে চলতি এসআইআর পর্বের কাজ পুঙ্খানুপুঙ্খ খতিয়ে দেখবেন। পাশাপাশি আসন্ন চূড়ান্ত পর্যায়ের কাজে যাতে কোনও গাফিলতি না হয়, মূলত সেই বিষয়েই কমিশনের নির্দেশ পালনের জন্যেও অবহিত করবেন সকলকে।

এদিকে ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনীর শুনানি পর্বের প্রথম দফায় প্রায় ৩২ লক্ষ আনম্যাপড ভোটারের শুনানি হবে, যারা ২০০২ সালের ভোটার তালিকায় নিজের নাম বা সম্পর্কিত কারো নাম দেখাতে পারেন নি।

এর মধ্যে ১০ লক্ষ আনম্যাপড ভোটারকে ইতোমধ্যেই শুনানির নোটিশ পাঠানো শুরু হয়েছে।

আজ থেকেই আরো প্রায় ২২ লক্ষ ভোটারকে নোটিশ পাঠানো হবে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানানো হয়েছে।

উল্লেখ্য এনিউমারেশন পর্বে রাজ্যে ৩১ লক্ষ ৬৮ হাজার ৪২৪ জন আনম্যাপড ভোটারের খোঁজ মিলেছে। আগামী ২৭ ডিসেম্বর থেকে প্রথম দফায় এদেরই শুনানি চলবে। জেলাশাসক, মহকুমা শাসক, বিভিন্ন সরকারি দফতর, স্কুল, কলেজেও শুনানি হবে। তবে মাধ্যমিক পরীক্ষায় বাধা সৃষ্টি করে কোনো শুনানি হবে না বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক স্পষ্ট জানিয়েছেন।

এদিকে লজিক্যাল ডিস্ক্রিপেনসিস বা যুক্তিসঙ্গত অসঙ্গতি রয়েছে তাঁদের শুনানি হবে পরের ধাপে। এই নিয়ে কমিশনের গাইড লাইন চাওয়া হয়েছে। প্রত্যেক শুনানি হবে মাইক্রো অবজারভারের নজরদারিতে।

উল্লেখ্য, আগামী ২৪শে ডিসেম্বর নজরুল মঞ্চে দুদফায় ৪ হাজার মাইক্রো অবজারভারের প্রশিক্ষণ হবে। এরা সকলেই এ রাজ্যের আধিকারিক বলে কমিশন স্পষ্ট জানিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি এসআইআর-এর ধাক্কায় বেসামাল হয়ে পড়েছেন বলে বিজেপি মন্তব্য করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী গতকাল বিধানসভার বাইরে এক সাংবাদিক বৈঠকে বলেন, মুখ্যমন্ত্রী আজ কেন্দ্রীয় সরকারি আধিকারিকদের মাইক্রো অবজারভার হিসাবে হিসাবে নিয়োগ নিয়ে সমালোচনা করেছেন। তবে তিন হাজার মাইক্রো অবজারভারের মধ্যে একজনও ভিনরাজ্যে কর্মরত থাকলে তিনি নিজে ক্ষমা

চাইবেন। কিন্তু নাম দেখাতে না পারলে মুখ্যমন্ত্রীকে ক্ষমা চাইতে হবে বলেও তিনি চ্যালেঞ্জ ছুঁড়ে দেন।

উল্লেখ্য, নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে গতকাল বিএলএ-দের সঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। সেখানেই রাজ্যকে না জানিয়ে পর্যবেক্ষক নিয়োগের অভিযোগ করেন তিনি।

সল্টলেকের যুবভারতী স্টেডিয়ামে মেসি দর্শনকে কেন্দ্র করে গোলমাল এর ঘটনায় পুলিশের তদন্তে হস্তক্ষেপ করলো না কলকাতা হাইকোর্ট। ভারপ্রাপ্ত প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ , ১৭ পৃষ্ঠার রায়ে জানিয়ে দিয়েছে যে , তদন্তের এখন প্রাথমিক পর্যায়, এই অবস্থায় হাইকোর্ট এই তদন্তে হস্তক্ষেপ করছে না।

আগামী ১৬ ফেব্রুয়ারি মামলার পরবর্তী শুনানি।

যুবভারতী ক্রীড়াঙ্গনে, গত ১৩ ডিসেম্বর মেসি দর্শনকে কেন্দ্র করে ঝামেলার ঘটনায় প্রভাবশালী তত্ত্ব খাড়া করে রাজ্য পুলিশকেই দায়ী করেছেন সংগঠক শতদ্রু দত্ত। কলকাতা হাইকোর্টে দায়ের হওয়া একাধিক জনস্বার্থ মামলার শুনানিতে তার আইনজীবী জানান, সংগঠকরা সব মিলিয়ে মাত্র ৪০০টি পাশ দিয়েছিলেন। কিন্তু মেসির কাছাকাছি প্রায় ১ হাজার লোক চলে এসেছিল, এই দায় পুলিশের। ভিয়াইপি গেটে ঢোকার সময়ও যে জটলা সৃষ্টি হয়েছিল, সেই দায় তার নয় বলেও শতদ্রু দত্ত মন্তব্য করেন।

অন্যদিকে রাজ্য সরকারের তরফে বলা হয়েছে, পুরো ঘটনার তদন্ত হচ্ছে। সময় দিতে হবে তদন্ত কমিশনকে। পাশাপাশি যুবভারতীর ভিতরে জল নিয়ে প্রবেশ করার কোন অনুমতি নেই এমনকি পাউচ ও নিয়ে ঢোকা যায়না বলে রাজ্যের পক্ষ থেকে আইনজীবী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আদালতে জানিয়েছেন।

উল্লেখ্য যুবভারতীর ঘটনায় নিরপেক্ষ তদন্তের দাবিতে এবং দর্শকদের অর্থ ফেরত দেওয়া ও আর্থিক তহরুরের তদন্তের আর্জিতে মোট তিনটি জনস্বার্থ মামলা দায়ের হয়েছিল। সেই মামলায় গতকাল প্রায় ৩-৪ ঘন্টা বিস্তারিত শুনানি করেছেন ভারপ্রাপ্ত প্রধান বিচারপতির বেঞ্চ।

কলকাতায় নিযুক্ত ভারত সরকারের শ্রম ও নিয়োগ মন্ত্রকের(মিনিস্ট্রি অফ লেবার এন্ড এমপ্লয়মেন্ট) সহকারী (ডেপুটি)কমিশনার Kshitiz Jain বলেছেন, শ্রমকোড ২০২৫ পূর্ববর্তী আইনের থেকে অনেক বেশি সামাজিক সুরক্ষা দেবে সংগঠিত এবং অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের। তিনি গতকাল কলকাতায় বণিক সভা মার্চেন্ট চেম্বার অফ কমার্স আয়োজিত “লেবার কোড ২০২৫”শীর্ষক আলোচনা সভার শেষে আকাশবাণীকে বলেন, প্রতিটি কর্মীকে নিয়োগ পত্র দেওয়া বাধ্যতামূলক করা হয়েছে এই শ্রম কোডে। এছাড়াও প্রভিডেন্ট ফান্ড, ই এস আই এসব ক্ষেত্রে আগের থেকে অনেক সুবিধা পাবেন শ্রমিকরা। শ্রী জৈন জানান, মহিলা কর্মীদের ক্ষেত্রে এবার অনেকগুলি সুবিধা আনা হয়েছে , যা আগে ছিল না।

বাইট Kshitiz Jain

রাজ্য বিদ্যুৎ উন্নয়ন নিগমের (ওয়েস্ট বেঙ্গল পাওয়ার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেড)মুখ্য প্রবন্ধক (জেনারেল ম্যানেজার) পি এস চ্যাটার্জী বলেন, কোন কর্মী বা শ্রমিক নিয়োগকর্তার মাধ্যমে প্রাপ্য সুবিধা থেকে বঞ্চিত হলে সরকার তাকে আইনি সহায়তা দেবে এই শ্রম কোডের মাধ্যমে।

বিকশিত ভারত অভিযানের অঙ্গ হিসেবে আগামী ২৭ ডিসেম্বর, এ রাজ্যে উৎকর্ষ উদ্যমী সমাগম সম্মেলনের দ্বিতীয় পর্বের আয়োজন করা হয়েছে। আইআইটি খড়্গপুর,সহকার ভারতী,স্বদেশী জাগরণ মঞ্চ এবং বেঙ্গল ফাস্ট ফাউন্ডেশন ও ইকোসিস্টেম ডিজিটাল ইন্ডিয়ার যৌথ উদ্যোগে খড়্গপুর আইআইটি তে এই সম্মেলন হবে।

কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে বেঙ্গল ফাস্ট ফাউন্ডেশনের সদস্য দেবজিত সরকার জানিয়েছেন,শিল্প ক্ষেত্রে এই মুহূর্তে পিছিয়ে থাকা একটি রাজ্যে, নতুন করে অর্থনৈতিক বিকাশ করতে হলে বিভিন্ন ক্ষুদ্র, মাঝারি শিল্প উদ্যোগীদের কিভাবে সহযোগিতা করা যায়,সেবিষয়ে সম্মেলনে আলোচনা হবে।

বাইট

বিকশিত ভারতের অধীনে নতুন অধ্যাদেশে কাজের অধিকার বৃদ্ধি করায় সারা দেশের সঙ্গে নদিয়া জেলার মানুষও খুশী। নতুন এই সিদ্ধান্তের ফলে বহু মানুষ আগের তুলনায় বেশি কাজের সুযোগ পাবেন, বৃদ্ধি হবে রোজগার। এই বিকশিত ভারত জি রাম জি প্রকল্পের জন্য প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা ব্যক্ত করেছেন অনেকেই। ষষ্ঠী বিশ্বাস

নামে এক সুবিধাভোগী বলেছেন, কাজের দিন বেড়ে ১২৫ দিন হওয়ায় তারা অনেকখানি উপকৃত হবেন।

বাইট ষষ্ঠী

নদীয়ার হাঁসখালিতে নাবালিকার গণধর্ষণ ও জোর করে মৃতদেহ শ্মশানে দাহ করার ঘটনায় স্থানীয় তৃণমূল কংগ্রেস নেতা সমরেন্দ্র গয়ালী, তার পুত্র ব্রজ সহ দোষী সাব্যস্ত ৯ জনের আজ সাজা ঘোষণা করা হবে। রানাঘাটের বিশেষ আদালতের বিচারক সৌমেন গুপ্ত গতকাল এদের গণধর্ষণ, অপরাধের ষড়যন্ত্র, প্রমাণ লোপাট, ভ্রমকি, নাবালিকার ওপরে যৌন নির্যাতন এবং ভয় দেখানোর অপরাধে দোষী সাব্যস্ত করেছেন।

অভিযুক্তদের একজনের বয়স ঘটনার সময় ১৮ বছরের কয়েক মাস কম ছিল। কিন্তু সিবিআইয়ের আইনজীবী আদালতে সুপ্রিম কোর্টের একটি আদেশ উল্লেখ করে জানান, এধরনের অপরাধের ক্ষেত্রে বয়স গুরুত্বপূর্ণ নয়। তাই বাকিদের মত বিশেষ পক্সো আদালতেই তার বিচার হয়।

উল্লেখ্য, ২০২২ সালের এপ্রিলে স্থানীয় তৃণমূল পঞ্চায়েত সদস্যের ছেলে সোহেল ওরফে ব্রজের জন্মদিনের পার্টিতে ঐ নাবালিকাকে গণধর্ষণ করা হয়। অতিরিক্ত রক্ত স্রবণের জেরে সে গুরুতর অসুস্থ হয়ে পড়লে হাসপাতালে নিয়ে যেতেও বাধা দেওয়া হয়। তারপর জোর করে শ্মশানে মৃতদেহ পুড়িয়ে দেওয়ার অভিযোগ ওঠে।

এই ঘটনায় উত্তাল হয়ে ওঠে রাজ্য রাজনীতি। নির্যাতিতার বাবা মায়ের অভিযোগের ভিত্তিতে পুলিশ তদন্ত শুরু করে। কিন্তু পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ তুলে তারা পরে হাইকোর্টের দ্বারস্থ হন। আদালতের নির্দেশে এরপর

তদন্তভার হাতে নেয় সিবিআই। ৮৫ দিনের মাথায় রানাঘাট আদালতে তারা ২০৯ পৃষ্ঠার চার্জশিট দাখিল করে।

মুর্শিদাবাদের সামশেরগঞ্জে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনের সময় হিংসার জেরে নিহত বাবা ও ছেলে হরগোবিন্দ দাস ও চন্দন দাসের খুনের ঘটনায় দোষী সাব্যস্ত ১৩ জনের শাস্তি আজ ঘোষণা করা হবে। জঙ্গীপুর মহকুমা আদালতের অতিরিক্ত জেলা ও দায়রা জজ অমিতাভ মুখোপাধ্যায় ঘটনার প্রায় সাড়ে আট মাসের মাথায়, গতকাল এদের দোষী সাব্যস্ত করেন। এই ১৩ জনই নিহতদের বাড়ির কাছের দুটি গ্রামের বাসিন্দা। ঘটনার পর তারা বাড়ি ছেড়ে পালায়। পরে বিভিন্ন জায়গা থেকে গ্রেপ্তার করা হয় তাদের।

উল্লেখ্য, চলতি বছর ৯ই এপ্রিল থেকে সংশোধিত ওয়াকফ আইন বিরোধী আন্দোলনকে কেন্দ্র করে উত্তাল হয়ে ওঠে জঙ্গীপুর, সুতি ও সামশেরগঞ্জের বিভিন্ন এলাকা। ভাঙচুর, লুণ্ঠপাট, অগ্নিসংযোগের পাশাপাশি গুলি চলার ঘটনাও ঘটে। পুড়িয়ে দেওয়া হয় পুলিশের গাড়ি। ১২ই এপ্রিল সামশেরগঞ্জের জাফরাবাদে বাড়ি থেকে টেনে এনে কুপিয়ে খুন করা হয় হরগোবিন্দ দাস ও তার ছেলে চন্দনকে। এই খুনের পর গঠন করা হয় বিশেষ তদন্তকারী দল সিট। ৫৫ দিনের মাথায় ৬ই জুন চার্জশিট দেন সিটের তদন্তকারী আধিকারিক ইন্সপেক্টর প্রসূন কুমার মিত্র। ৬৬ দিনের মাথায় চার্জ গঠন করে বিচার প্রক্রিয়া শুরু হয়।

উত্তরে বাতাসের জন্য কলকাতা সহ দক্ষিণবঙ্গের প্রায় সর্বত্রই শীতের আমেজ। তবে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস মতো কলকাতা আজ তাপমাত্রার বিশেষ পরিবর্তন হয়নি। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় এক ডিগ্রি বেশি। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা অবশ্য ছিল ২২ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে যা ৩ দশমিক ২ ডিগ্রি কম। আগামীকাল পর্যন্ত তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও বড়দিন থেকে রাজ্যজুড়ে তাপমাত্রার পারদ ২ থেকে ৩ ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাসে।

উত্তরবঙ্গের প্রায় সব জেলাতে এবং দক্ষিণবঙ্গের দু একটি স্থানে আজ ও আগামীকাল সকালের দিকে কুয়াশা থাকারও সম্ভাবনা রয়েছে।
